



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jashoreboard.gov.bd

স্মারক নং বিঅ ৬/৬৫৮৭/৮৮০

তারিখ : ২৭/২/২০২১

বিষয়: ম্যানেজিং কমিটি বাতিল ও এডহক কমিটি গঠন প্রসংগে।

সূত্র: উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, লোহাগড়া, নড়াইল এর ১৫-১০-২০২০ খ্রি. তারিখের ২০-১০৮৫ নং স্মারকপত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আপনাকে জানানো যাচ্ছে যে, নড়াইল জেলার লোহাগড়া উপজেলাধীন সরস্বতী একাডেমী এর অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর নিয়োগে জনাব সঞ্চয় বৈদ্যুত নিকট থেকে ৬,৬৭,০০০/- (ছয় লক্ষ সাতষষ্ঠি হাজার টাকা মাত্র) টাকা এবং আবেদনকারী কাজী মোঃ নূর আলম এর নিকট হতে ৪,০০০০০/- (চার লক্ষ টাকা মাত্র) টাকা উৎকোচ গ্রহণ করেছেন মর্মে ঘুষ দুর্নীতির অভিযোগ উপজেলা নির্বাহী অফিসার, লোহাগড়া, নড়াইল এর তদন্তে প্রমাণিত হওয়ায় ১৫-১১-২০২০ খ্রি. তারিখে বিঅ- ৬/৬৫৮৭/৮৮০, ৮২১, ৮২২, ৮২৩ নং স্মারকে সভাপতি, দুইজন অভিভাবক সদস্য ও প্রধান শিক্ষককে কারণ দর্শনো জবাব দাখিলের জন্য বলা হয়। সকলেই জবাব দাখিল করেন। কিন্তু জবাব সন্তোষজনক না হওয়ায় কেন সভাপতি ও অভিভাবক সদস্য পদ থেকে অব্যাহতি দেয়া হবে না বা আইনানুগ ব্যবস্থা নেয়া হবে না মর্মে পুনরায় ২১-১২-২০২০ খ্রি. তারিখে বিঅ- ৬/৬৫৮৭/৮৩১, ৮৩২, ৮৩৩, ৮৩৪ নং স্মারকে কারণ দর্শনো হয়। সকলেই জবাব দাখিল করেছেন। কারণ দর্শনোর জবাব সন্তোষজনক না হওয়ায় এবং উপজেলা নির্বাহী অফিসার, লোহাগড়া, নড়াইল কর্তৃক তদন্ত প্রতিবেদনে অভিযোগ প্রমাণিত হওয়ায় প্রবিধান ২০০৯ এর ৩৮ ধারা অনুযায়ী চলমান ম্যানেজিং কমিটি ভেঙ্গে দেয়া হলো এবং উপজেলা নির্বাহী অফিসার, লোহাগড়া, নড়াইল কে এডহক কমিটির সভাপতি হিসাবে মনোনয়ন দেয়া হলো। বিধি মোতাবেক জেলা শিক্ষা অফিসার ও উপজেলা নির্বাহী অফিসার এর প্রতিনিধি মনোনয়ন পূর্বক ৩০০০/- (তিনি হাজার টাকা মাত্র) টাকার ফিস সহ অনলাইনে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

প্রধান শিক্ষক

সরস্বতী একাডেমী (১১৮৪০৫)

তাকঘর: মকিমপুর, উপজেলা: লোহাগড়া, জেলা- নড়াইল

(ড. বিশ্বাস শাহিন আহমদ)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর।

ফোনঃ ০৮২১-৬৮৬৩০৪

তারিখ :

স্মারক নং বিঅ ৬/৬৫৮৭/

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হল : (জ্যোঠার ভিত্তিতে নহে)

- ১। জেলা প্রশাসক, নড়াইল
- ২। জেলা শিক্ষা অফিসার, নড়াইল
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, লোহাগড়া, নড়াইল
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লোহাগড়া, নড়াইল
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (পত্রিটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। সভাপতি, ম্যানেজিং কমিটি, সরস্বতী একাডেমী, তাকঘর-মকিমপুর, উপজেলা: লোহাগড়া, জেলা- নড়াইল
- ৭। সংরক্ষণ নথি।

১৫/০২/২০২১

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

২০২১/২২ যশোর